# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪৩৬

পর্ব - ১৫ঃ দাস-দাসী মুক্ত করা (كتاب العتق)

পরিচ্ছেদঃ ১. মুদাব্বার, মুকাতাব, উম্মু ওয়ালাদের বর্ণনা - মুকাতাব দাস-দাসীকে সহযোগীতা করার ফযীলত

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ حُنَيْفٍ ـ رضي الله عنه ـ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «مَنْ أَعَانَ مُجَاهِدًا فِي سَبِيلِ اللَّهِ, أَوْ غَارِمًا فِي عُسْرَتِهِ, أَوْ مُكَاتَبًا فِي رَقَبَتِهِ, أَظَلَّهُ اللَّهُ يَوْمَ لَا ظِلَّ إِلَّا ظِلُّهُ». رَوَاهُ أَحْمَدُ, وَصَحَّحَهُ الْحَاكِمُ

ضعيف. رواه أحمد (3/ 487)، والحاكم (2/ 89 ـ 90 و 217) وفي سنده عبد الله بن سهل بن حنيف، وهو مجهول

বাংলা

১৪৩৬। সাহল ইবনু হুনাইফ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি কোন মুজাহিদ (দ্বীনের পথের সংগ্রামী)-কে সাহায্য করবে বা কোন ঋণী ব্যক্তিকে (যার সাংসারিক অভাব-অনটনের কারণে ঋণ হয়েছে) বা মুকাতাব দাস বা দাসীকে দাসত্ব থেকে মুক্তির জন্য সাহায্য করবে তাকে আল্লাহ ছায়াহীন কিয়ামতের কঠিন দিনে ছায়া প্রদান করবেন।[1]

## English

Sahl bin Hunaif (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:
“He who assists a Mujahid for Allah’s sake, a debtor who is in distress (being unable to pay his debt) or a slave who had made an agreement to buy his freedom, Allah will shade him, with His Shade, on the Day when there will be no shade but His.” Related by Ahmad and Al- Hakim graded it as Sahih.

## ফুটনোট

[1] আহমাদ, হাকিম, ২য় খণ্ড ৮৯, ৯০ পৃষ্ঠা হাদীস নং ২১৭। তিনি যুহাইর বিন মুহাম্মাদ এবং আমরা বিন সাবিত থেকে বর্ণনা করেছেন। ইমাম হাইসামী তাঁর মাজমাউয যাওয়ায়েদ ৫ম খণ্ড ২৮৩ পৃষ্ঠায় বলেন, এ হাদীসের বর্ণনাকারী আবদুল্লাহ বিন সাহল বিন হুনাইফকে আমি চিনি না। আবদুল্লাহ বিন মুহাম্মাদ বিন উকাইল এর হাদীসটি হাসান। ইমাম যাহাবী তাঁর আল মুহাযযিব (৮/৪৩৪৬) গ্রন্থে হাদীসটিকে খুবই গরীব বলেছেন। আল মুনযিরী তাঁর তারগীব ওয়াত তারহীব (২/২৩০) গ্রন্থে আবদুল্লাহ বিন মুহাম্মাদ বিন উকাইল দুর্বল বলেছেন। শাইখ আলবানী তাঁর সিলসিলা যাঈফা ৪৫৫৫, যঈফুল জামে ৫৪৪৭, যঈফ তারগীব ৭৯৬ গ্রন্থসমূহে হাদীসটিকে দুর্বল বলেছেন। মুতলাকা (১০৫) গ্রন্থে হাদীসটি হাসান বলেছেন। ইমাম সুয়ূত্বী আল জামেউস সগীর (৮৪৭০) গ্রন্থে একে সহীহ বলেছেন। আল বাদরুল মুনীর (৯/৭৪১) গ্রন্থে একে সহীহ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সাহল ইবনু হুনাইফ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71247

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন